

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০০০.০১১.৩৩.০০১১.২৫.১৭৪১

তারিখ: ১৩/০৪/১৪৩৩ বঙ্গাব্দ। ২৮/০৭/২০২৬ খ্রিষ্টাব্দ।

বিষয়: **‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬’ পালন উপলক্ষ্যে কর্মসূচি।**

সূত্র : ক। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৪১৬.২৩.০০০২.২৫.১৩২ তারিখ ১১/০৩/২০২৬ খ্রি.।
খ। স্বরাষ্ট্র মন্ত্রণালয় রাজনৈতিক-৬ শাখার স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.০৭৯.০৯.০০১.১৩.২৭৮, তরিখ: ২২/০৬/২০২৬ খ্রি.।

০৫ আগস্ট জুলাই গণভ্যুত্থান দিবসকে ‘ক’ শ্রেণির জাতীয় দিবস ঘোষণা করা হয়। সে পরিপ্রেক্ষিতে, ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬’ পালন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এ আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী অনুযায়ী বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক যথাযোগ্য মর্যাদায় ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬’ পালন উপলক্ষ্যে ০৫ আগস্ট ২০২৬ বুধবার উদ্‌যাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, উপমহাপরিচালক (রেঞ্জ), পরিচালক, কুমিল্লা (রেঞ্জ), অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক, ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে অনুষ্ঠানসমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন। কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সদস্য-সদস্যাগণকে রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। **অনুষ্ঠানসমূহ নিম্নরূপ:**

২। ক। **জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী**। ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬’ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত বাণী সকল স্তরের সদস্যদের দরবার/রোলকলে পাঠ করে করে শুনাতে হবে।

খ। **পুষ্পস্তবক অর্পণ**। ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬’ ০৫ আগস্ট বুধবার মাঠ পর্যায়ে রেঞ্জ, জেলা, ভিটিসি ও উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় স্থানীয় প্রশাসনের পরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করবেন।

**পোশাক**। (১) **৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাগণ**। আনুষ্ঠানিক পোশাক (মেডেলসহ)।
(২) **অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী**। দিনের পোশাক।

গ। **প্রামাণ্যচিত্র প্রদর্শন**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রামাণ্য চিত্র প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। কর্তব্যরত ব্যক্তিবর্গের জন্য দ্বিতীয়/তৃতীয় বার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ.১। **সময়**। ১২৩০ ঘটিকা (প্রামাণ্য চিত্রের স্থায়িত্ব বিবেচনাপূর্বক এ সময় পরিবর্তন যোগ্য) ।

গ.২। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ের স্বার্থে বাহিনীর মাঠ পর্যায়ের ইউনিটসমূহ বর্ণিত সময় পরিবর্তন করতে পারবে।

ঘ। **স্কুল এন্ড কলেজ**। ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে কর্তৃক রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন করতে হবে।

ঙ। **বিশেষ মোনাজাত**। ০৫ আগস্ট ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬’ বুধবার বাদ যোহর বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর ও বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে বাহিনীর সকল মসজিদে জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত, জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির সুখ, শান্তি, সমৃদ্ধি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা করা হবে।

**পোশাক**। নামাজের/ঐচ্ছিক পোশাক।

চ। **আনসার ও ভিডিপি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন**। জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে আনসার ও ভিডিপি হাসপাতালে রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ। **মাঠ পর্যায়ের কার্যক্রম**। মাঠ পর্যায়ে রেঞ্জ, জেলা ও উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়সমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৬ এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

জ। **পরিচালক (প্রশাসন-উইং) এর জন্য**। জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করবেন।

ঝ। **পরিচালক (মিডিয়া) এর জন্য**। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত প্রামাণ্যচিত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল ইউনিটে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮-০৭-২০২৬

মোঃ আবু বকর সিদ্দিক, বিভিএমএস
বিএভি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
মোবাইল নম্বর: ০১৩৩৫৩০০২৬১
ওয়েবমেইল: ddadmin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.৫০০.০১১.৩৩.০০১১.২৫. ১৭৪১

তারিখ: ১৩/০৪/১৪৩৩ বঙ্গাব্দ। ২৮/০৭/২০২৬ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ” |
| ৩। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। | উপমহাপরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ...................... রেঞ্জ। | ” |
| ৫। | পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা। | ” |
| ৬। | পরিচালক, ঢাকা মহানগর আনসার (ডিএমএ) | ” |
| ৭। | তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি, হাসপাতাল, সফিপুর, গাজীপুর। | ” |
| ৮। | পরিচালক (সকল)..........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ” |
| ৯। | অধিনায়ক (সকল)<br>................আনসার ব্যাটালিয়ন (.......বিএন).............................. | ” |
| ১০। | অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা ঢাকা । | ” |
| ১১। | অধ্যক্ষ, ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, সফিপুর, গাজীপুর। | ” |
| ১২। | আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী ”<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ১৩। | উপপরিচালক (সকল).........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৪। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৫। | জেলা কমান্ড্যান্ট (সকল)........................................................ | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৬। | জোন অধিনায়ক, ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার (সকল)............... | ” |
| ১৭। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি গাজীপুর। | ” |
| ১৮। | এ্যাডমিনিস্ট্রেটর (আইসিটি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি এ বাহিনীর ওয়েবসাইটে প্রচার করবেন। |
| ১৯। | সহকারী পরিচালক (সকল)........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/ | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২০। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | ” |
| ২১। | বাজেট ও হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ২২। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য। |
| ২৩। | অফিস ও মাস্টার কপি। | |

২৮-০৭-২০২৬
উপপরিচালক (প্রশাসন)